DEC. 1 3 2000

# তেজগাঁ পলিটেকনিকে ছাত্রলীগ ক্যাডারদের মস্তানি, ভাইস প্রিন্সিপাল দু ঘণ্টা তালাবদ্ধ

নিজস্ব বার্তা পরিবেশক ঃ অবৈধভাবে ছাত্র ভর্তির দাবিতে গতকাল মঙ্গলবার তেজগাঁ পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্রলীগ ক্যাডাররা ভাইস প্রিন্সিপাল আবদুর রশিদকে তার অফিস কক্ষে প্রায় দু ঘণ্টা তালাবদ্ধ করে রাখে। এসময় তারা টেলিফোন সংযোগও বিচ্ছিন্ন করে দেয়। পরে তেজগাঁ থানা পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে। এব্যাপারে তেজগাঁ থানায় জিডি করা হয়েছে।

তেজগাঁ থানা পুলিশ জানায়, গতকাল সকাল ১১টার দিকে ক্যাডাররা ভাইস প্রিন্সিপালের কক্ষের বাইরে থেকে তালা মেরে দেয়। তখন তিনি তার অফিসে ভর্তি সংক্রান্ত কাজকর্ম করছিলেন। ক্যাডাররা ভাইস প্রিন্সিপালের ২ ছেলেকেও মারধর করে।

ইনস্টিটিউট সূত্র জানায়, ক্যাডাররা ইনস্টিটিউটের প্রথম বর্ষের শূন্য ১শ ৪০টি আসনে নিজেদের পছন্দের প্রার্থীদের ভর্তি করানোর জন্য দীর্ঘদিন ধরে চাপ সৃষ্টি করে আসছিল। তারা ভর্তির জন্য আবেদন করতে আসা ছাত্রদের পথে বাধা দিচ্ছিল এবং চাঁদা দাবি করছিল। গতকাল ভাইস প্রিন্সিপালের ছোট ছেলের সাথে আসা এক ছাত্রকে পথিমধ্যে আটক করে ক্যাডাররা চাঁদা দাবি করে। চাঁদা দিতে অস্বীকার করলে ক্যাডাররা দু জনকেই মারধর করে। খবর পেয়ে ভাইস প্রিন্সিপালের বড় ছেলে ঘটনাস্থলে গেলে ক্যাডাররা তাকেও মারধর করে। তারা পিস্তল ঠেকিয়ে প্রাণনাশের হুমকি দেয়। খবর পেয়ে ভাইস প্রিন্সিপাল অফিস কক্ষের বাইরে এলে ক্যাডাররা তাকেও গালাগাল করে। এসময় প্রিন্সিপাল কলেজে ছিলেন।

তেজগাঁ থানা পুলিশ জানায়, ক্যাডারদের সাথে কথা কাটাকাটির পর ভাইস প্রিন্সিপাল তার কক্ষে গেলে ছাত্রলীগ ক্যাডার হাসানউদ্দিনের নেতৃত্বে শওকত, মামুন ও তারেকুল আলম তার কক্ষের বাইরে থেকে দরজায় তালা লাগিয়ে দেয়। তারা টেলিফোন সংযোগ বিচ্ছিন্ন করে দেয়ায় তিনি বাইরে কোথাও যোগাযোগ করতে পারছিলেন না। বেশ কিছুক্ষণ পর ঘটনাটি টহল পুলিশের নজরে আসে। এরপর তেজগাঁ থানা পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে।